
# সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণ নিশ্চিত করবে ভবিষ্যৎ জীবন






প্রবাস স্কিম



প্রগতি স্কিম



সুরক্ষা স্কিম



সমতা স্কিম

জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

www.npa.gov.bd

# সর্বজনীন পেনশন স্কিম

- কর্মজীবন শেষে নিশ্চিত জীবন যাপনের জন্য প্রয়োজন সঞ্চয়। সুরক্ষিত সঞ্চয় পরিকল্পনার আরেক নাম সর্বজনীন পেনশন। কর্মজীবনের উপার্জিত টাকার কিছু অংশ পেনশন স্কিমে বিনিয়োগ করে একজন নাগরিক ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তা নিশ্চিত করতে পারেন।

- গড় আয়ু বৃদ্ধি এবং একক পরিবারের সংখ্যা বৃদ্ধি জনিত কারণে ভবিষ্যতে নির্ভরশীলতার হার বৃদ্ধি পাবে বিধায় একটি টেকসই সামাজিক নিরাপত্তা কাঠামো গড়ে তোলা এখন সময়ের দাবি। একটি কল্যাণমূলক রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য দেশের সর্বস্তরের জনগণকে টেকসই পেনশন কাঠামোয় অন্তর্ভুক্তি সরকারের অন্যতম অগ্রাধিকার কর্মসূচি।

- ২০১৫ সালে প্রণীত জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলে (NSSS) সামাজিক সুরক্ষার বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়। এ কৌশলপত্র বাস্তবায়নের জন্য বর্তমানে Action Plan Phase-II (2021-2026) চলমান রয়েছে। উক্ত Action Plan এর আওতায় একটি কার্যকর National Social Insurance Scheme (NSIS) প্রতিষ্ঠার অংশ হিসেবে সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়।

- এ প্রেক্ষাপটে সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা আইন, ২০২৩ (২০২৩ সালের ৪নং আইন) প্রণয়ন করা হয়েছে। উক্ত আইনের আওতায় জাতীয় পেনশন কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হয়েছে। জাতীয় পেনশন কর্তৃপক্ষের অধীন প্রবাস, প্রগতি, সমতা ও সুরক্ষা নামের ৪টি স্কিম চালু করা হয়েছে। আগ্রহী জমাকারীগণ অনলাইন প্লাটফরমে রেজিস্ট্রেশন করে তার জন্য প্রযোজ্য যে কোন একটি পেনশন স্কিমে যুক্ত হতে পারবেন।

- ১৮ বছরের অধিক বয়স্ক জনগোষ্ঠীকে "সর্বজনীন পেনশন স্কিম" এর আওতায় আনা সম্ভব হলে তারা একটি সুসংগঠিত সামাজিক নিরাপত্তা কাঠামোর আওতাভুক্ত হবেন। সর্বজনীন পেনশন ব্যবস্থা কার্যকর হলে ধীরে ধীরে বিদ্যমান সামাজিক নিরাপত্তা কর্মসূচির সুবিধাভোগীর সংখ্যা কমিয়ে আনার সুযোগ সৃষ্টি হবে।

- ১৮ বৎসর বা তদূর্ধ্ব হতে ৫০ বৎসর বয়সি সকল বাংলাদেশী নাগরিক জাতীয় পরিচয় পত্রের ভিত্তিতে চলমান ৪টি পেনশন স্কিমের মধ্য থেকে তার জন্য প্রযোজ্য স্কিমে অংশ নিতে পারবেন। তবে, বিশেষ বিবেচনায় ৫০ বৎসর ঊর্ধ্ব বয়সের নাগরিকগণ স্কিমে অংশগ্রহণের তারিখ হতে নিরবচ্ছিন্ন ১০ বছর জমা প্রদান শেষে আজীবন পেনশন প্রাপ্য হবেন ।

# এক নজরে

- প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ যাদের জাতীয় পরিচয় পত্র নেই তারা পাসপোর্টের ভিত্তিতে রেজিস্ট্রেশন করে ডেবিট/ক্রেডিট কার্ডের মাধ্যমে অথবা বাংলাদেশে তিনি যে ব্যাংক হিসাবে টাকা প্রেরণ করেন সেই ব্যাংক হিসাব থেকে তার নামে খোলা পেনশন হিসাবে নিয়মিত জমা প্রদান করে প্রবাস স্কিমে যুক্ত হতে পারবেন।

- নিজের এবং পরিবারের সদস্যদের চিকিৎসা, গৃহ নির্মাণ, গৃহ মেরামত এবং সন্তানের বিবাহের ব্যয় নির্বাহের জন্য জমাকারী ইচ্ছা করলে পেনশন ফান্ডে শুধু তার জমাকৃত অর্থের ৫০% ঋণ হিসেবে উত্তোলন করতে পারবেন, যা কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত ফি সহ সর্বোচ্চ ২৪ কিস্তিতে পরিশোধ করতে হবে এবং সমুদয় অর্থ জমাকারীর হিসাবে জমা হবে।

- জাতীয় পেনশন কর্তৃপক্ষের "UPension" App ব্যবহার করে মাসিক জমার টাকা প্রদান সহ অন্যান্য সুবিধা গ্রহণের সুযোগ রয়েছে।

- একজন জমাকারী পেনশনযোগ্য বয়সে উপনীত হবার পর আগ্রহী হলে তার কর্পাস হিসাবে জমাকৃত অর্থের সর্বোচ্চ ৩০% অর্থ (অফেরতযোগ্য) এককালীন উত্তোলন করতে পারবেন। কর্পাস হিসাবের অবশিষ্ট অর্থের ওপর ভিত্তি করে মাসিক পেনশন নির্ধারিত হবে।

- সর্বজনীন পেনশন স্কিমের মাসিক জমার টাকা সোনালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, সিটি ব্যাংক, ব্রাক ব্যাংক, জনতা ব্যাংক, প্রাইম ব্যাংক, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক, ডাচ বাংলা ব্যাংক, রুপালী ব্যাংক, ইস্টার্ণ ব্যাংক, বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের যেকোন শাখা/ উপশাখায় সরাসরি জমা দেওয়া যাবে।

- শীঘ্রই এবি ব্যাংক, আল-আরাফা ইসলামী ব্যাংক, ইসলামী ব্যাংক বাংলাদেশ, আইএফআইসি ব্যাংক, মিডল্যান্ড ব্যাংক, মধুমতি ব্যাংক, ন্যাশনাল ব্যাংক , এনসিসি ব্যাংক, ওয়ান ব্যাংক, প্রিমিয়ার ব্যাংক, সাউথইস্ট ব্যাংক এবং ট্রাস্ট ব্যাংকের যেকোন শাখা/ উপশাখায় মাসিক জমার টাকা সরাসরি জমা দানের সুযোগ সৃষ্টি হবে।পর্যায়ক্রমে দেশীয় সকল তফসিলি ব্যাংক থেকে এ সেবা পাওয়া যাবে।মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস, অনলাইন ব্যাংকিং, ব্যাংক একাউন্ট হতে অটো ডেবিট অথবা ডেবিট/ক্রেডিট কার্ড ব্যবহার করে মাসিক অর্থ জমা করা যাবে।

- সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণকারী জমাকারীগণ নিরবচ্ছিন্নভাবে জমা প্রদানের শর্তে ৬০ বছর পূর্তিতে আজীবন মাসিক নির্ধারিত হারে পেনশন প্রাপ্য হবেন।

- মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস, অনলাইন ব্যাংকিং, ব্যাংক একাউন্ট হতে অটো ডেবিট অথবা ডেবিট/ক্রেডিট কার্ড ব্যবহার করে মাসিক অর্থ জমা করা যাবে।

- স্কিমের জমাকারী স্কিমে জমাকৃত বা জমার বিপরীতে প্রাপ্য পেনশন বাবদ অর্থ তার মৃত্যুর পর গ্রহণ বা উত্তোলনের নিমিত্ত এক বা একাধিক নমিনি মনোনয়ন করতে পারবেন। তবে জমাকারী কমপক্ষে ১০ বছর জমা প্রদান করার পূর্বে মৃত্যুবরণ করলে জমাকৃত অর্থ মুনাফাসহ নমিনিকে এককালীন ফেরত দেয়া হবে।

- জমাকারী পেনশনে থাকাকালীন তাঁর বয়স ৭৫ বছর পূর্ণ হবার পূর্বে মৃত্যুবরণ করলে পেনশনারের নমিনি বা নমিনিগণ বা বৈধ উত্তরাধিকারীগণ অবশিষ্ট সময়ের জন্য (অর্থাৎ ৭৫ বছর পূর্ণ হওয়া পর্যন্ত) উক্ত পেনশন প্রাপ্য হবেন।

- দারিদ্র্য সীমার নিচে বসবাসকারী নাগরিকের জন্য প্রযোজ্য "সমতা" স্কিমের জমাকারীর মাসিক জমার ৫০% সরকার অনুদান হিসেবে প্রদান করবে।

- জাতীয় পেনশন কর্তৃপক্ষের আয় এবং জাতীয় পেনশন কর্তৃপক্ষের সর্বজনীন পেনশন স্কিম হতে প্রাপ্ত সুবিধাভোগীর কোনো আয় কর মুক্ত।

- জমাকারীগণ মাসিক জমার ক্ষেত্রে বিনিয়োগ রেয়াত সুবিধা পাবেন এবং মাসিক পেনশন বাবদ প্রাপ্ত অর্থ আয়কর মুক্ত থাকবে ।

- সর্বজনীন পেনশন স্কিমে নিবন্ধিত হবার পর যে কোন সময় জমার পরিমাণ ও স্কিম পরিবর্তনের সুযোগ রয়েছে। সেক্ষেত্রে পেনশনার আইডি অপরিবর্তিত থাকবে।

- সকল স্কিমের জন্য মাসিক জমাকৃত অর্থ জমাকারীর পছন্দমাফিক মাসিক, ত্রৈমাসিক বা বার্ষিক ভিত্তিতে পরিশোধের সুযোগ থাকবে।জমাকারীগণ ইচ্ছা করলে সর্বোচ্চ ১২ মাসের সম পরিমান অর্থ অগ্রিম হিসেবে জমা করতে পারবেন।

- প্রবাস স্কিমের আওতাধীন গ্রাহকগণ দেশে যে ব্যাংকে রেমিটেন্স প্রেরণ করেন সেই ব্যাংক হিসাব থেকেই বিদেশে বসে জাতীয় পেনশন কর্তৃপক্ষের "Upension" App ব্যবহার করে তার স্কিমের মাসিক জমার অর্থ জমা দিতে পারবেন।

- আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ এর আওতায় নিয়োগপ্রাপ্ত সেবাকর্মীগণের "প্রগতি" স্কিমে অংশগ্রহণের সুযোগ রয়েছে।

# সর্বজনীন পেনশন স্কিমে নিবন্ধন প্রক্রিয়া

সর্বজনীন পেনশন স্কিমের ওয়েবসাইটে (**www.upension.gov.bd**) প্রবেশ করুন

↓

রেজিস্ট্রেশন বাটনে ক্লিক করে প্যাকেজ/স্কিম নির্বাচন করুন

↓

এনআইডি/জন্ম তারিখ ও মোবাইল নম্বর টাইপ করে ক্যাপচা দিয়ে পরবর্তী পেইজ বাটনে ক্লিক করুন

**অথবা**

এনআইডি না থাকলে প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ পাসপোর্ট নম্বর, জন্ম তারিখ ও মোবাইল নম্বর টাইপ করে ক্যাপচা দিয়ে পরবর্তী পেইজ বাটনে ক্লিক করুন

↓

ব্যক্তিগত তথ্য এন্ট্রি করুন- পেশা, বাৎসরিক আয় এবং স্থায়ী ঠিকানা

↓

ব্যাংক তথ্য এন্ট্রি করুন- হিসাবের নাম, হিসাবের নম্বর এবং রাউটিং নম্বর

↓

নমিনির পরিচয়পত্রের নম্বর, সম্পর্ক ও প্রাপ্যতা (শতাংশ) এন্ট্রি করুন

↓

সেভ বাটনে ক্লিক করে সম্পূর্ণ ফরমটি দেখুন অথবা ডাউনলোড করুন। সব সঠিক থাকলে সাবমিট বাটনে ক্লিক করে সাবমিট করুন

↓

পেমেন্ট করার জন্য পেমেন্ট বাটনে ক্লিক করুন; পেমেন্ট মেথড সিলেক্ট করে পেমেন্ট করুন

↓

পেমেন্ট সম্পন্ন হলে পেমেন্ট স্লিপ ডাউনলোড করুন এবং মোবাইল ও ই-মেইলে (প্রবাসীদের জন্য) প্রাপ্ত মেসেজ সংরক্ষণ করুন (মেসেজে পেনশনার আইডি দেয়া হয়, যা ইউজার আইডি)

↓

পেনশনার আইডি ও ন্যূনতম ৬ ডিজিটের পাসওয়ার্ড দিয়ে ওকে বাটনে ক্লিক করুনএবং পেনশনার আইডি ডাউনলোড করুন

↓

পেনশনার আইডি ও পাসওয়ার্ড গোপন রাখুন। এ পেনশনার আইডি ও পাসওয়ার্ড দিয়ে পরবর্তীতে প্রয়োজনে নমিনি, স্কিম বা জমার পরিমান পরিবর্তন করা যাবে এবং জমাকৃত অর্থের হিসাব দেখা যাবে

**www.npa.gov.bd**

Hotline:
16131, +88 09610 900800





# প্রবাস পেনশন স্কিম

## প্রবাস স্কিমে অংশগ্রহণ


## দেশে ফিরে সুন্দর জীবন


বিদেশে কর্মরত বা অবস্থানকারী যে কোন বাংলাদেশী নাগরিক নির্ধারিত হারে জমা প্রদানপূর্বক এ স্কিমে অংশগ্রহণ করতে পারবেন। প্রবাস হতে দেশে প্রত্যাবর্তনের পর স্কিম পরিবর্তন করতে পারবেন।পেনশন স্কিমের মেয়াদ পূর্তিতে পেনশনার দেশীয় মুদ্রায় পেনশন প্রাপ্য হবেন।প্রবাসী বাংলাদেশী নাগরিকগণ “প্রগতি ও সুরক্ষা” স্কিমে তাঁর পরিবারের ১৮ বা তদুর্ধ্ব এক বা একাধিক সদস্যের (যেমন- স্বামী, স্ত্রী, বাবা, মা, ভাই, বোন) নামে নিবন্ধন করে  জমা প্রদান করতে পারবেন। এক্ষেত্রে তিনি যার জন্য পেনশন একাউন্ট পরিচালনা করবেন তাঁর এনআইডি, ব্যাংক হিসাব নম্বর এবং নমিনির তথ্য প্রদানপূর্বক নিবন্ধন করবেন।

# প্রবাস পেনশন স্কিমে মাসিক জমার হার

| মাসিক জমার হার | ১,০০০ টাকা | ২,০০০ টাকা | ৫,০০০ টাকা | ৭,৫০০ টাকা | ১০,০০০ টাকা |
|---|---|---|---|---|---|
| জমা প্রদানের মোট সময়কাল (বছরে) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৩৪, ৪৬৫ | ৬৮,৯৩১ | ১,৭২,৩২৭ | ২,৫৮,৪৯১ | ৩,৪৪,৬৫৫ |
| ৪০ | ২৯,২০০ | ৫৮,৪০০ | ১,৪৬,০০১ | ২,১৯,০০১ | ২,৯২,০০২ |
| ৩৫ | ১৯,১৮৭ | ৩৮,৩৭৪ | ৯৫,৯৩৫ | ১,৪৩,৯০২ | ১,৯১,৮৭০ |
| ৩০ | ১২,৪৬৬ | ২৪,৯৩২ | ৬২,৩৩০ | ৯৩,৪৯৫ | ১,২৪,৬৬০ |
| ২৫ | ৭, ৯৫৫ | ১৫,৯১০ | ৩৯,৭৭৪ | ৫৯,৬৬১ | ৭৯,৫৪৮ |
| ২০ | ৪,৯২৭ | ৯,৮৫৪ | ২৪,৬৩৪ | ৩৬,৯৫১ | ৪৯,২৬৮ |
| ১৫ | ২,৮৯৪ | ৫,৭৮৯ | ১৪,৪৭২ | ২১,৭০৮ | ২৮,৯৪৪ |
| ১০ | ১,৫৩০ | ৩,০৬০ | ৭,৬৫১ | ১১,৪৭৭ | ১৫,৩০২ |








# প্রগতি পেনশন স্কিম

**চাকরি করি বেসরকারি,**
**পেনশন স্কিমে আমিও আছি**

বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কোনো কর্মচারী বা উক্ত প্রতিষ্ঠানের মালিক নির্দিষ্ট হারে জমা প্রদানপূর্বক এ স্কিমে অংশগ্রহণ করতে পারবেন এবং বেসরকারি প্রতিষ্ঠানের পক্ষ হতে প্রতিষ্ঠানটির কর্মচারীগণের জন্য এ স্কিমে অংশগ্রহণের ক্ষেত্রে স্কিমের জমার ৫০% কর্মী এবং বাকী ৫০% প্রতিষ্ঠান প্রদান করবে। কোন বেসরকারি প্রতিষ্ঠান প্রাতিষ্ঠানিকভাবে সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণ না করলেও, উক্ত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কোন কর্মচারী নিজ উদ্যোগে এককভাবে এ স্কিমে অংশগ্রহণের সুযোগ পাবেন।

# প্রগতি পেনশন স্কিমে মাসিক জমার হার

| মাসিক জমার হার | ১,০০০ টাকা | ২,০০০ টাকা | ৩,০০০ টাকা | ৫,০০০ টাকা | ১০,০০০ টাকা | ১৫,০০০ টাকা |
|---|---|---|---|---|---|---|
| জমা প্রদানের মোট সময়কাল (বছরে) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৩৪, ৪৬৫ | ৬৮,৯৩১ | ১,০৩,৩৯৬ | ১,৭২,৩২৭ | ৩,৪৪,৬৫৫ | ৫,১৬,৯৮২ |
| ৪০ | ২৯,২০০ | ৫৮,৪০০ | ৮৭,৬০১ | ১,৪৬,০০১ | ২,৯২,০০২ | ৪,২২,১৫৬ |
| ৩৫ | ১৯,১৮৭ | ৩৮,৩৭৪ | ৫৭,৫৬১ | ৯৫,৯৩৫ | ১,৯১,৮৭০ | ২,৫৯,৫৩৪ |
| ৩০ | ১২,৪৬৬ | ২৪,৯৩২ | ৩৭,৩৯৮ | ৬২,৩৩০ | ১,২৪,৬৬০ | ১,৬১,৬৩৮ |
| ২৫ | ৭, ৯৫৫ | ১৫,৯১০ | ২৩,৮৬৪ | ৩৯,৭৭৪ | ৭৯,৫৪৮ | ১,০০,৩৫৪ |
| ২০ | ৪,৯২৭ | ৯,৮৫৪ | ১৪,৭৮০ | ২৪,৬৩৪ | ৪৯,২৬৮ | ৬১,০৪৬ |
| ১৫ | ২,৮৯৪ | ৫,৭৮৯ | ৮,৬৮৩ | ১৪,৪৭২ | ২৮,৯৪৪ | ৩৫,৪৩৯ |
| ১০ | ১,৫৩০ | ৩,০৬০ | ৪,৫৯১ | ৭,৬৫১ | ১৫,৩০২ | ১৮,৫৮৯ |







# সুরক্ষা পেনশন স্কিম


কৃষক শ্রমিক জেলে তাঁতী

পেনশন স্কিমে সবাই মাতি

অনানুষ্ঠানিক খাতে কর্মরত বা স্বকর্মে নিয়োজিত ব্যক্তি যেমন: কৃষক, রিক্সাচালক, শ্রমিক, কামার, কুমার, জেলে, তাঁতিসহ সকল অনানুষ্ঠানিক কর্মে নিয়োজিত ব্যক্তিবর্গ নির্ধারিত হারে জমা প্রদানপূর্বক এ স্কিমে অংশগ্রহণ করতে পারবেন।

# সুরক্ষা পেনশন স্কিমে মাসিক জমার হার

| মাসিক জমার হার | ১,০০০ টাকা | ২,০০০ টাকা | ৩,০০০ টাকা | ৫,০০০ টাকা |
|---|---|---|---|---|
| জমা প্রদানের মোট সময়কাল (বছরে) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৩৪,৪৬৫ | ৬৮,৯৩১ | ১,০৩,৩৯৬ | ১,৭২,৩২৭ |
| ৪০ | ২৯,২০০ | ৫৮,৪০০ | ৮৭,৬০১ | ১,৪৬,০০১ |
| ৩৫ | ১৯,১৮৭ | ৩৮,৩৭৪ | ৫৭,৫৬১ | ৯৫,৯৩৫ |
| ৩০ | ১২,৪৬৬ | ২৪,৯৩২ | ৩৭,৩৯৮ | ৬২,৩৩০ |
| ২৫ | ৭,৯৫৫ | ১৫,৯১০ | ২৩,৮৬৪ | ৩৯,৭৭৪ |
| ২০ | ৪,৯২৭ | ৯,৮৫৪ | ১৪,৭৮০ | ২৪,৬৩৪ |
| ১৫ | ২,৮৯৪ | ৫,৭৮৯ | ৮,৬৮৩ | ১৪,৪৭২ |
| ১০ | ১,৫৩০ | ৩,০৬০ | ৪,৫৯১ | ৭,৬৫১ |





# সমতা পেনশন স্কিম

স্কিমের নাম সমতা

সরকার দিবে সহায়তা

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক সময়ে সময়ে প্রকাশিত আয় সীমার ভিত্তিতে দারিদ্র্য সীমার নীচে বসবাসকারী স্বল্প আয়ের ব্যক্তিগণ [যাদের বর্তমান আয় সীমা বাৎসরিক অনূর্ধ্ব ৬০(ষাট) হাজার টাকা] নির্দিষ্ট হারে জমা প্রদানপূর্বক এ স্কিমে অংশগ্রহণ করতে পারবেন। এ স্কিমে সরকার কর্তৃক সম পরিমান অর্থ অনুদান হিসেবে দেয়া হবে।

# সমতা পেনশন স্কিমে মাসিক জমার হার

| মাসিক জমার হার | ১,০০০ টাকা (চাঁদাদাতা ৫০০ টাকা + সরকারি অংশ ৫০০ টাকা) |
|---|---|
| জমা প্রদানের মোট সময়কাল (বছরে) | সম্ভাব্য মাসিক পেনশন (টাকা) |
| ৪২ | ৩৪,৪৬৫ |
| ৪০ | ২৯,২০০ |
| ৩৫ | ১৯,১৮৭ |
| ৩০ | ১২,৪৬৬ |
| ২৫ | ৭,৯৫৫ |
| ২০ | ৪,৯২৭ |
| ১৫ | ২,৮৯৪ |
| ১০ | ১,৫৩০ |



- প্রবাস থেকে প্রেরিত জমার উপর সময় সময় সরকার ঘোষিত হারে প্রণোদনা পাওয়া যাবে।
- ব্যাংকে সরাসরি গিয়ে, ব্যাংকে স্টান্ডিং ইন্সট্রাকশন(SI) প্রদান করে, মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস ও অনলাইন ব্যাংকিং-এর মাধ্যমে এবং ডেবিট ও ক্রেডিট কার্ড ব্যাবহার করে মাসিক জমার টাকা প্রদান করা যাবে।
- জাতীয় পেনশন কর্তৃপক্ষের বিনিয়োগ ও সংরক্ষণ বিধিমালা অনুসরণপূর্বক জমার টাকা নিরাপদ পোর্টফলিওতে বিনিয়োগ করা হবে।
- সর্বজনীন পেনশন স্কিমকে গ্রাহকবন্ধ করার লক্ষে নতুন নতুন features যোগ করার উদ্যোগ অব্যাহত রয়েছে।
- আইনের আওতায় প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান জাতীয় পেনশন কর্তৃপক্ষের মাধ্যমে সর্বজনীন পেনশন স্কিম চালু হওয়ায় এটি রাষ্ট্রীয় গ্যারান্টিযুক্ত।
- জাতীয় পেনশন কর্তৃপক্ষের যাবতীয় ব্যয় সরকার বহন করায় পেনশন ফান্ডে জমাকৃত অর্থ থেকে তহবিল ব্যবস্থাপনা ব্যয় বহন করতে হবে না। ফলে রিটার্ন বেশি হবে।
- নিবন্ধনকারীগনের মাসিক জমার অর্থ বিনিয়োগ এবং অ্যানুইটি (Annuity) প্রদান ভিন্ন অন্য কোন খাতে ব্যয়ের সুযোগ নেই।
- রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড ব্যবহার করে পেনশন একাউন্টে অনলাইন সিস্টেমে যেকোন সময় এক্সেসের মাধ্যমে কর্পাস হিসেবে মোট জমার পরিমাণ পরীক্ষা করার সুযোগ।
- অর্থের বর্তমান ও ভবিষ্যৎ মূল্য বিবেচনায় নিয়ে মাসিক সম্ভাব্য পেনশনের হিসাবায়ন করায় এ স্কিম লাভজনক।
- জমাকারীর প্রাপ্ত মোট পেনশনের পরিমাণ তার জমাকৃত অর্থের ২.৩ গুণ থেকে ২৪.৬ গুণ পর্যন্ত হবার সুযোগ, পেনশনার ৮০ বছরের অধিককাল জীবিত থাকলে এ সুবিধা আরো বৃদ্ধির সম্ভাবনা।
- ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর মাধ্যমে বিনামূল্যে  পেনশন স্কিমে রেজিস্ট্রেশন করা যাবে।
- ফ্রন্ট অফিস হিসেবে কাজ করা ব্যাংকসমূহের শাখাগুলোতেও রেজিস্ট্রেশনের সুযোগ রয়েছে।

অ্যাপ ডাউনলোড করতে স্ক্যান করুন

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

হটলাইনঃ ১৬১৩১, +৮৮ ০৯৬১০ ৯০০৮০০
(বাংলাদেশ সময় সকাল ৯টা থেকে বিকাল ৫টা)
support@upension.gov.bd
৪৩, কাকরাইল, ঢাকা -১০০০

সর্বজনীন পেনশন স্কিমে নিবন্ধন করতে ভিজিট করুন :
www.upension.gov.bd

জাতীয় পেনশন কর্তৃপক্ষ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রাণালয়
www.npa.gov.bd